



সংখ্যা : ১৫.৫৫.০০০০.৩০১.১৭.০৮৮.১৮.

তারিখ : ১৬ আগস্ট ২০২৩ খ্রি.

প্রেস রিলিজ

ঢাকা, ১৬ আগস্ট ২০২৩ খ্রি.

জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউট আয়োজিত স্বাধীনতার মহান স্থপতি, বাঙালি জাতির অবিসংবাদিত নেতা, সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙালি ও জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এর ৪৮-তম শাহাদত বার্ষিকী উপলক্ষে আলোচনা অনুষ্ঠান ও দোয়া মাহফিল ১৬ আগস্ট ২০২৩ খ্রি.তারিখ বুধবার ইনস্টিটিউটের সভাকক্ষে অনুষ্ঠিত হয়। ইনস্টিটিউটের মহাপরিচালক ফায়জুল হক-এর সভাপতিত্বে সেমিনারে মূল আলোচক হিসেবে ছিলেন সাবেক প্রধান তথ্য অফিসার এ কে এম শামীম চৌধুরী।

অনুষ্ঠানে বঙ্গবন্ধুর বর্ণাঢ্য জীবনের ওপর আলোকপাত করে বঙ্গবন্ধুর স্বপ্নের 'সোনার বাংলা' গড়ায় প্রত্যয় নিয়ে দেশপ্রেমিক জনসাধারণকে একযোগে স্মার্ট বাংলাদেশ বিনির্মাণে এগিয়ে যাওয়ার ওপর আলোচকগণ গুরুত্বারোপ করেন।

পরে, জাতির পিতা, বঙ্গমাতা এবং ১৯৭৫ সালের ১৫ আগস্ট বঙ্গবন্ধুর পরিবারের অন্যান্য সদস্যসহ হত্যাজ্ঞের শিকার সকল শহীদের বিদেহী আত্মার মাগফেরাত কামনা করে দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়।

অন্যান্যের মধ্যে উপস্থিত ছিলেন জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউটের পরিচালক (প্রশিক্ষণ প্রকৌশল) মো. নজরুল ইসলাম, পরিচালক (প্রশাসন ও উন্নয়ন) এ কে এম আজিজুল হক, পরিচালক (প্রশিক্ষণ অনুষ্ঠান) ড. মো. মারুফ নাওয়াজ, ইনস্টিটিউটের সকল কর্মকর্তা-কর্মচারী এবং প্রশিক্ষণার্থীবৃন্দ।

আবদুল হান্নান
গণসংযোগ কর্মকর্তা
ফোন : ৫৫০৭৯৩৮-৪২

বিতরণ: সদয় কার্যার্থে

- ১। প্রধান তথ্য অফিসার, তথ্য অধিদফতর, ঢাকা।
- ২। মুখ্য বার্তা সম্পাদক / চিফ রিপোর্টার, বাংলাদেশ টেলিভিশন / বাংলাদেশ বেতার / বাংলাদেশ সংবাদ সংস্থা / এটিএন বাংলা / চ্যানেল আই / একুশেটিভি / এনটিভি / সময় টিভি/দৈনিক ইত্তেফাক / দৈনিক জনকণ্ঠ / দৈনিক প্রথম আলো / দৈনিক যুগান্তর / বাংলাদেশ প্রতিদিন / দৈনিক ভোরের পাতা / দৈনিক সকালের খবর/দৈনিক ভোরের কাগজ / কমিউনিটি রেডিও/অন্যান্য প্রিন্ট ও ইলেকট্রনিক মিডিয়াসমূহ।
- ৩। প্রোগ্রামার / সহকারী প্রোগ্রামার, জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউট, ঢাকা।
(ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)
- ৪। কার্যালয় নথি।